



বাংলাদেশের বিচার বিভাগ সবচেয়ে স্বাধীন: আইনমন্ত্রী



আইনমন্ত্রী আসাদুজ্জামান। ছবি: সংগৃহীত

বাংলাদেশের বিচার বিভাগ অনেক দেশের তুলনায় বেশি স্বাধীন বলে মন্তব্য করেছেন আইনমন্ত্রী মো. আসাদুজ্জামান। মঙ্গলবার (২৬ মে) সকালে বিনাইদহের শৈলকুপা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স পরিদর্শনের পর সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন।

আইনমন্ত্রী জানান, দেশের বিচার বিভাগ স্বাধীনভাবে কাজ করছে বলেই অনেক মামলায় রাষ্ট্রপক্ষ পরাজিত হচ্ছে। তার ভাষ্য, বিচার ব্যবস্থায় স্বাধীনতা না থাকলে এমন পরিস্থিতি দেখা যেত না।

তিনি আরও বলেন, বর্তমানে দেশে প্রায় ৪৫ লাখ মামলা বিচারাধীন রয়েছে। বিচারক ও আইনজীবীর সংখ্যা তুলনামূলক কম হওয়ায় মামলার নিষ্পত্তিতে দীর্ঘ সময় লাগছে।

এ সময় রামিসা হত্যা মামলার প্রসঙ্গ টেনে আইনমন্ত্রী বলেন, এ ঘটনায় যেন সুষ্ঠু ও ন্যায়সঙ্গত বিচার নিশ্চিত হয়, সে বিষয়েও গুরুত্ব দেওয়া হচ্ছে।

LENS ASIA